



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd

স্মারক নং-৩৭.০২.০০০০.১০১.২৩.০০৪.২১-(অংশ-২)-৫১৮১/৬

তারিখ: ২০ মার্চ ২০২৪খ্রি.


বিষয়: ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস ২০২৪ উদ্‌যাপন।

সূত্র: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৫.২৩.০০১.২২-৮৪, তারিখ: ১৮ মার্চ ২০২৪খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস ২০২৪ উদ্‌যাপন উপলক্ষে এ অধিদপ্তরের আওতাধীন শিক্ষাপ্রতিষ্ঠান ও দপ্তরসমূহ নিম্নবর্ণিত কর্মসূচি পালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ক্র: নং	তারিখ/সময়	কর্মসূচি/অনুষ্ঠান
০১	২৬/০৩/২০২৪	সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান/অফিস ভবনে সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলন। জাতীয় পতাকা উত্তোলনের ক্ষেত্রে People's Republic of Bangladesh Flag Rules, 1972 মোতাবেক সঠিক মাপ ও রঙের জাতীয় পতাকা যথাযথভাবে উত্তোলন করতে হবে।
০২	২৬/০৩/২০২৪	জাতীয় কর্মসূচির সাথে সম্বন্ধ করে দেশের সকল বিভাগ, জেলা এবং উপজেলা পর্যায়ে সকালে কুচকাওয়াজ, শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের সমাবেশ, জাতীয় সংগীত পরিবেশন, ক্রীড়া প্রতিযোগিতা এবং ডিসপ্লে প্রদর্শন।
০৩	২৬/০৩/২০২৪ থেকে ৩০/০৩/২০২৪ এর মধ্যে সুবিধাজনক দিন/সময়ে	(ক) শিক্ষা প্রতিষ্ঠানে স্ব স্ব ব্যবস্থাপনায় রচনা ও আবৃত্তি প্রতিযোগিতার আয়োজন। (খ) শিক্ষা প্রতিষ্ঠানে মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের তাৎপর্য তুলে ধরে আলোচনা সভা, মহান মুক্তিযুদ্ধে শহীদদের উদ্দেশ্যে দোয়া ও প্রার্থনার আয়োজন। ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবসের সাথে সামঞ্জস্যপূর্ণ লেখা, ছবি ও শিল্পকর্ম শেখ রাসেল দেয়ালিকায় উপস্থাপন।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পত্র জারি করা হলো।


২০/০৬/২০২৪
(রূপক রায়)

সহকারী পরিচালক (সাধারণ প্রশাসন)



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা শিক্ষা অফিসারের কার্যালয়
রাজশাহী

ইমেইল : deorajshahi@yahoo.com, ওয়েব সাইট : www.deo.rajshahi.gov.bd



স্মারক নং : জেশিঅ/রাজ/২৭০(২১)

তারিখ : ২৪/০৭/২৪

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
- ২। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী
- ৩। সহকারী পরিচালক (সাধারণ প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা


অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো :

- ৪। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল),, রাজশাহী

২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের নিমিত্তে সংযুক্ত পত্রের নির্দেশনা মোতাবেক আপনার আওতাধীন উপজেলা/থানার সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান-কে বিষয়টি অবহিতসহ কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

- ৫। অফিস নথি।

বিষয়টি অতীব জরুরী


(মোহা: নাসির উদ্দীন)
জেলা শিক্ষা অফিসার
রাজশাহী